# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪৬৪

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. জুমু’আর সালাত - জুমু’আর দিনে একটি সময়ে দু’আ কবুল করা হয়

আরবী

وَعَنْ أَبِي بُرْدَةَ عَنْ أَبِيهِ سَمِعْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ يَقُولُ: «هِيَ مَا بَيْنَ أَنْ يَجْلِسَ الْإِمَامُ إِلَى أَنْ تُقْضَى الصَّلَاةُ». رَوَاهُ مُسْلِمٌ, وَرَجَّحَ الدَّارَقُطْنِيُّ أَنَّهُ مِنْ قَوْلِ أَبِي بُرْدَةَ

ضعيف مرفوعا. والصحيح أنه موقوف. رواه مسلم (853)

বাংলা

৪৬৪. আবূ বুরদাহ তাঁর পিতা হতে বর্ণনা করেন, তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ দু’আ কবুল হবার উক্ত সময়টি হচ্ছে খুতবাহর জন্য ইমামের মিম্বারে বসার সময় হতে সালাত সমাপ্ত হওয়া পর্যন্ত। দারাকুৎনী এটাকে আবূ বুরদাহর নিজস্ব কথা বলে অভিমত ব্যক্ত করেছেন।[1]

ফুটনোট

[1] মুসলিম ৮৫৩, আবূ দাউদ ১০৪৯

সুবুলুস সালাম (২/৮৭) ইমাম সনয়ানী বলেন, হাদীসটি ইযতিরাব ও ইনকিতার দোষে দুষ্ট। যয়ীফুল জামে (৬১৩) যয়ীফ আত-তারগীব (৪২৮) আবূ দাউদ ১০৪৯ গ্রন্থদ্বয়ে আলবানী হাদীসটিকে দুর্বল বলেছেন। হাশীয়া বুলুগুল মারাম (৩০৮) গ্রন্থে বিন বায বলেন, অধিকাংশ রাবীগণ আবূ বুরদা থেকে মাওকুফ হিসেবে বর্ণনা করেছে। মারফু হিসেবে শুধু মাখরামা বিন বুকাইর তার পিতা থেকে বর্ননা করেছে।

[হাদিসটি মারফূ' সুত্রে দুর্বল কিন্তু মাওকূফ সুত্রে সহীহ]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ বুরদাহ্ ইবনু আবূ মূসা আশ'আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70275

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন